গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

www.gecp.edu.bd

স্মারক নং-সএক/ ৭৫২

তারিখ : ০৪/০৮/২০২৫ খ্রি.

## ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নোক্ত সময় ও নিয়ম অনুযায়ী সম্পন্ন করতে হবে।

টাকা জমা, ফরমপূরণ ও ফরম জমার সময়সূচি

| সফটওয়্যারের মাধ্যমে টাকা প্রদানের তারিখ | গ্রুপ | ৩য় বর্ষ | কমিটির নিকট প্রিন্টকৃত আবেদন ফরম অন-লাইন পেমেন্ট স্লিপসহ জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|
| ৩০.০৭.২০২৫ থেকে ২০.০৮.২০২৫ | বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি | নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স | ৩০.০৭.২০২৫ থেকে ২১.০৮.২০২৫ |

১। ফিসের বিবরণী:

২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):

| | | | |
|---|---|---|---|
| ক) | ৩য় বর্ষ-(৭০০ নম্বর)- নিয়মিত | ঃ | ১,৬০০/- (৭০০+মার্কসিট ও সার্টিফিকেট ৮০০+ ইনকোর্স ১০০) এবং ব্যবহারিক ফি প্রতি বিষয় ১৫০/- হারে |
| খ) | সার্টিফিকেট কোর্স | ঃ | ৮০০/- (প্রতিপত্রে ১০০/- হারে + ইন-কোর্স১০০+ মার্কসিট ৫০০/-) |
| গ) | ৩য় বর্ষ অকৃতকার্য (এক বা একাধিক পত্র)/গ্রেড উন্নয়ন | ঃ | ৩০০/- + প্রতি পত্রে ১০০/- হারে |
| ঘ) | Conditional Promoted-(C-Promoted) | ঃ | ১,০০০/- (নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থী) |

২। প্রত্যেক পরীক্ষার্থীকে তার ডাউনলোডকৃত আবেদনপত্রে উল্লেখিত টাকা সহ নিম্নোক্ত সকল পাওনাদি একত্রে সফটওয়্যার এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

| বিএ, বিএসএস, বিবিএস, নিয়মিত | বিএসসি -নিয়মিত ও অনিয়মিত | প্রাইভেট | সার্টিফিকেট কোর্স | ৩য় বর্ষ অকৃতকার্য / গ্রেড উন্নয়ন |
|---|---|---|---|---|
| (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) =৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়)=৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/-<br>(iii) ) ব্যবহারিক কেন্দ্র ফি(অভ্যঃ)=৩০০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) = ৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) = ৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) = ৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- |
| কলেজ পাওনাঃ মোট = ৫০০/- | মোট = ৮০০/- | মোট = ৫০০/- | মোট = ৫০০/- | মোট = ৫০০/- |

পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত আবেদন ফর্মে উল্লিখিত টাকার সাথে কলেজের পাওনা যোগ করে সফটওয়্যারের মাধ্যমে জমা দিতে হবে।

২। **পরীক্ষায় অংশগহণের প্রয়োজনীয় শর্তাবলী :**

(ক) ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) :

i) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ট পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

iv) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

(খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর) :

i) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের (প্রাইভেট) রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২০, ২০২১, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষ উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০২০, ২০২১ ও ২০২২ সালের ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদের ৩য় বর্ষে উংরেজী আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ কওে কোন কোর্সে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সের / পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iv) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

v) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২ সালের ৩য় বর্ষেও চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহন কওে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মত ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহনের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষথী শুধুমাত্র একবার পরবর্ত বর্ষেও শিক্ষার্থীদেও সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় নুন্যতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

(গ) অকৃতকার্য ও মানোন্নয়ন :

২০২২ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA ২.২৫ এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহন করে নাই এবং ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দুটি (২) কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

(ঘ) সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) :

i) ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীগণ সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। ছাত্র-ছাত্রীর করণীয় :

(ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www. nubd.info/fromfillup) এ গিয়ে Apply to online form Fillup (For Student)-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নাম্বার দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে, online থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

(খ) শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

(গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজের ফরম পূরণ কমিটির নিকট অবশ্যই জমা দিতে হবে।

(ঙ) এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ হওয়ায় সর্ব সাকুল্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যে সকল শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। তবে শর্ত থাকে যে, ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পুরুন করে পরীক্ষায় অংশগ্রহন না করলে বা পরীক্ষায় অংশগ্রহন করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যত্বে পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

(চ) Regular এবং irregular **শিক্ষার্থীগণ সরাসরি রকেট অ্যাপস এর মাধ্যমে তাদের রেজি: নম্বর দিয়ে ফি**

/ Improvement **শিক্ষার্থীগণকে কলেজের ভর্তি/ রেজিস্ট্রেশন বিষয়ক সফটওয়্যার লিংক-** attps://edwardcollege.eshiksabd.com/ **এ ক্লিক করে** Username: edwardstudent, Password: edwardstudent **দিয়ে** Log In **করার পর** Improvement Form Fill up **এ ক্লিক করতে হবে।** Class Roll **এর ঘরে** NU Reg.No **দিয়ে** Exam Academic Year **ও** Exam Session **সিলেক্ট করে** View charge and Course details **এ ক্লিক করতে হবে। এরপর শিক্ষার্থী** Please select subject **থেকে যতটি বিষয়ে মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষা দিবে তা সিলেক্ট করে** Add Subject **এ ক্লিক করলে মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন ফরম পূরণের মোট কত টাকা পরিশোধ করতে হবে, তা দেখাবে। এরপর শিক্ষার্থী** Roket **অ্যাপস এ নির্ধারিত টাকা পরিশোধ করে** Pay Slip **প্রিন্ট করে কলেজ অফিসে জমা দিতে হবে। কোন ভুল হলে টাকা জমা দেওয়ার আগে তা সংশোধন করা যাবে। টাকা পরিশোধের পর আর সংশোধন করা যাবে না।**

০৪/০৭/২৫

| | |
|---|---|
| প্রতিস্বাক্ষর<br>০৪/০৭/২৫<br>(প্রফেসর মো. আব্দুল আউয়াল মিয়া)<br>অধ্যক্ষ<br>সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা | (আব্দুল বারী সেখ)<br>সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান<br>ও<br>আহবায়ক<br>ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ফরম পূরণ কমিটি-২০২৩<br>সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা |

স্মারক নং-সএক/৭৫২ (৩২)

তারিখ : ০৪.০৭.২০২৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হল :

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা৫ম ও ৬ষ্ট

৩-২০। বিভাগীয় প্রধান, সংশিষ্ট বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২১-২৬। সুপার, সকল হোস্টেল, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২৭। আহ্বায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি (ওয়েব সাইটে প্রদর্শন করার অনুরোধসহ)

২৮। এরিয়া ম্যানেজার, ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং, পাবনা শাখা, তুলাপট্টি, পাবনা

২৯। গ্রন্থাগারিক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

৩০। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

৩১। নোটিশ বোর্ড

৩২। অফিস নথি

০৪/০৭/২৫

(আব্দুল বারী সেখ)
সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান
ও
আহবায়ক
ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ফরম পূরণ কমিটি-২০২৩
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।